



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭  
[www.lged.gov.bd](http://www.lged.gov.bd)



শ্রেষ্ঠ শস্তিযোগ্য মূলনীতি  
গ্রাম শহুরে উন্নয়ন

স্মারক নং- ৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮ - ৮২

তারিখঃ ০৬/১০/২০২২

### অফিস আদেশ

বিষয়ঃ চুক্তি বাস্তবায়ন ও সময় বর্ধন বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে লক্ষ্য করা যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন জেলা, উপজেলা ও পৌরসভা পর্যায়ে বাস্তবায়নাধীন প্রকল্প সমূহের বাস্তবায়নের নির্ধারিত সময়কাল এবং তারপর দীর্ঘসময় অতিক্রান্ত হলেও ঠিকাচুক্তি বাতিল কিংবা ব্যর্থ ঠিকাদারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণে ক্রয়কারীগণ কার্যকর কোন পদক্ষেপ গ্রহণ করেন না; কোন কোন ক্ষেত্রে নির্ধারিত সময়সীমার ২/৩বছর পর ও ঠিকাচুক্তি কার্যকর রাখছেন এবং যৌক্তিক কারণ না থাকা স্বত্ত্বেও সময় বর্ধনের অনুমোদনের জন্য বারংবার সুপারিশ প্রেরণ করা হচ্ছে, যা কোন অবস্থাতেই কাম্য নয়।

২। আদর্শ দরপত্র দলিল (পিডাইলি-৩) এর অনুচ্ছেদ ৮৭.১(১) অনুযায়ী, ঠিকাদার একাধারে ১৮দিন কাজ বন্ধ রাখলে তা চুক্তির মৌলিক শর্ত ভঙ্গ করা হয়েছে মর্মে গণ্য করা হবে এবং একারণে চুক্তিটি বাতিলযোগ্য হবে; তাছাড়া, অনুচ্ছেদ ৮৮.১ অনুসারে পিসিসিতে উল্লিখিত হারে জরিমানা আদায় করতে হবে;

৩। পিপিআর বিধি ১২৭(২)(খ) অনুসারে, চুক্তির মৌলিক শর্ত ভঙ্গ করাকে প্রতারণামূলক কার্য হিসেবে সংজ্ঞায়িত করা হয়েছে; বিধি ১২৭(৪)(গ) অনুসারে, “কোন ব্যক্তি, ঠিকাদার, সরবরাহকারী বা পরামর্শক কর্তৃক চুক্তির কোন মৌলিক শর্ত ভঙ্গ করিবার কারণে ক্রয়কারী চুক্তি বাতিল করিলে, ক্রয়কারী নিজস্ব বিবেচনায় সংশ্লিষ্ট ব্যক্তিকে ১ (এক) বৎসর অথবা অনধিক ২ (দুই) বৎসরের জন্য ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) এর অনুমোদনক্রমে উক্ত ক্রয়কারীর এবং অন্য সকল ক্রয়কারীর ক্রয় কার্যক্রমে অংশগ্রহণে অযোগ্য ঘোষণা করিতে পারিবে”।

এমতাবস্থায়, যৌক্তিক কারণ থাকা সাপেক্ষে সর্বোচ্চ ২(দুই) বার সময় বর্ধনের সুপারিশ নির্ধারিত সময়সীমা শেষ হওয়ার কর্মপক্ষে ৩(তিনি) সপ্তাহ পূর্বে নিম্নসাক্ষরকারীর নিকট উপস্থাপন করতে হবে। অন্যথায়, উপরোক্ত অনুচ্ছেদ ২ ও ৩ মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো। সময় মত ব্যবস্থা গ্রহণে ব্যর্থতাকে শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য করা হবে।

(সেখ মোহাম্মদ মহসিন)

প্রধান প্রকৌশলী

ফোনঃ ০২-৫৮১৫৮০২

ই-মেইলঃ [ce@lged.gov.bd](mailto:ce@lged.gov.bd)

স্মারক নং- ৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮ - ৮/১২(৮)

তারিখঃ ০৫/০৮/২০২২

অনুলিপিৎ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/বিভাগ।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/অঞ্চল।

৩। প্রকল্প পরিচালক (সকল)..... এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।

৪। নির্বাহী প্রকৌশলী (সকল), এলজিইডি, জেলাঃ .....।

৫। উপজেলা প্রকৌশলী (সকল), এলজিইডি, ..... উপজেলা, জেলাঃ .....।

নিবন্ধ  
০৫.০৮.২০২২

মোঃ আবদুস সাতার  
নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)

ফোনঃ ০২-৫৫০০ ৬৭৭৫

ই-মেইলঃ [xen.procurement@lged.gov.bd](mailto:xen.procurement@lged.gov.bd)